গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: রপ্তানিকৃত পাট পণ্য পরিবহনে চট্টগ্রাম বন্দর থেকে ইউরোপ ও সংযুক্ত আরব আমিরাতে সরাসরি জাহাজ সার্ভিস চালুকরণ ও পাট পণ্য পরিবহনে কন্টেইনার সুবিধা বৃদ্ধিকরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ১১-০৮-২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম জুম অ্যাপ। |

সভায় উপস্থিত সংযুক্ত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সরাসরি এবং ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ থেকে রপ্তানিযোগ্য পাট/পাটজাত পণ্য পরিবহনে চট্টগ্রাম বন্দর থেকে ইউরোপ এবং সংযুক্ত আরব আমিরাতে সরাসরি জাহাজ চালু করণসহ পাট ও পাটজাত পণ্য পরিবহনে কন্টেইনার সুবিধা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আজকের সভাটি আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি সভার সদস্যবৃন্দকে আলোচ্য বিষয়ের উপর স্বীয় সংস্থার মতামত/আলোচনা আহ্বান করেন ।

এ পর্যায়ে বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ) এর সভাপতি জনাব মোঃ আবুল হোসেন জানান যে, বাংলাদেশ থেকে রপ্তানিযোগ্য পাট/পাটজাত পণ্য পরিবহনে চট্টগ্রাম বন্দর থেকে ইউরোপ ও সংযুক্ত আরব আমিরাতে সরাসরি জাহাজ সার্ভিস চালুকরণ ও পাট/পাটজাত পণ্য পরিবহনে কন্টেইনার সুবিধা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করার জন্য তারা মন্ত্রণালয়ে একটি আবেদন দাখিল করেছিলেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে পাট/পাটজাত পণ্য সমুদ্রপথে পরিবহনের ক্ষেত্রে কি কি অন্তরায় আছে তা সভাকে অবহিত করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন।

আলোচ্য বিষয়ের উপর চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান অ্যাডমিরাল এম শাহজাহান, এনপিপি, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি জানান যে, বর্তমানে চট্টগ্রাম বন্দর থেকে পণ্য রপ্তানীতে কোনো জাহাজের স্বল্পতা নেই। তবে সংযুক্ত আরব আমিরাতের বন্দরের সহিত চট্টগ্রাম বন্দরের সরাসরি জাহাজ চলাচলের কোনো ব্যবস্থা নেই। উভয় দেশের মধ্যে সরাসরি জাহাজ চলাচলের জন্য আলাপ আলোচনা চলছে, আশা করা যায় খুব অল্প সময়ের মধ্যেই উভয় দেশের মধ্যে সরাসরি জাহাজ চালাচল শুরু করবে। তিনি পরিবেশ বান্ধব ও শতভাগ মূল্য সংযোজিত পাটজাত পণ্যকে একটি গুরুত্বপূর্ণ রপ্তানি পণ্য হিসেবে আখ্যা দিয়ে এ পণ্য জহাজীকরনে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি আরো উল্লেখ করেন পাটজাত পণ্যের জাহাজীকরনে যে কোনো সমস্যার উদ্ভব হলে সে বিষয়ে সমাধান প্রত্যাশী পক্ষ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন।

মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার পাটজাত পণ্য পরিবহনে সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন এবং মোংলা বন্দরে কন্টেইনার স্বল্পতা নেই বলে জানান। HR Lines ltd. এর সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব আনিস-উদ-দৌলা সভাকে জানান যে, বাংলাদেশ থেকে পণ্য রপ্তানিতে জাহাজের কোনোরূপ সমস্যা নেই। শুধুমাত্র ফিডার ও মাদার জাহাজের লেডিং আনলোডিং (ট্রান্সশিপমেন্ট) এর কারণে জাহাজ ভাড়া বেশি হয়ে থাকে।

(অঃ পৃঃ দ্রঃ)

ইউরোপ ও সংযুক্ত আরব আমিরাতের সহিত চট্টগ্রাম বন্দরের সরাসরি জাহাজ চলাচল শুরু হলে জাহাজ ভাড়া কিছুটা কমতে পারে। তবে জাহাজ ভাড়া অনেকগুলো বিষয়ের উপর নির্ভর করে এবং এটা জাহাজ কোম্পানী নির্ধারণ করে থাকে যা মূলত স্বয়ংক্রিয় বাজার দরের মাধ্যমে নির্ধারিত হয়ে থাকে।

সভায় বিজেএমএ সেক্রেটারী জেনারেল জনাব আব্দুল বারিক খান চট্টগ্রাম বন্দর ও মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক পাটজাত পণ্য রপ্তানিতে সহযোগিতার আশ্বাসের প্রেক্ষিতে তাঁদের উভয়কে ধন্যবাদ জানান। ভবিষ্যতে বিজেএমএ এর সদস্য মিল থেকে কন্টেইনার ও জাহাজ সংকটের কোনরূপ অভিযোগ পাওয়া গেলে বিজেএমএ যাতে চট্টগ্রাম/মোংলা বন্দর কর্তৃপক্ষের সার্বিক সহযোগিতা পায় সে বিষয়ে সহযোগিতার জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের নির্দেশনার জন্য অনুরোধ করেন।

এছাড়াও, পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, কর্ণফুলী শিপ বিল্ডার্স লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন এর প্রতিনিধি, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন এর প্রতিনিধি, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন এর প্রতিনিধিগণ সভায় সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য রাখেন। তারা সকলেই পাটজাত পণ্য রপ্তানিতে নিজ নিজ অধিক্ষেত্রে সকল প্রকার সহযোগীতার আশ্বাস দেন।

অতঃপর সভাপতি বাংলাদেশের অর্থনীতিতে পাট পণ্যের গুরুত্ব এবং এর ঐতিহাসিক মর্যাদা উল্লেখ করে পাটজাত পণ্যের রপ্তানিতে পারস্পরিক সহযোগিতার আশ্বাসে সন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

১) পাট ও পাটজাত পণ্য রপ্তানি জাহাজীকরণে এবং পোর্ট এর সকল প্রকার কার্যে চট্টগ্রাম ও মোংলা বন্দর কর্তৃপক্ষ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

২) বিজেএমএ এর সদস্য মিলসমূহ পাটজাত পণ্য রপ্তানিকালীণ কন্টেইনার পাওয়া ও জাহাজীকরণে কোনরুপ সমস্যার সম্মুখীন হলে বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন চট্টগ্রাম ও মোংলা বন্দর কর্তৃপক্ষ এর সাথে সরাসরি যোগাযোগ করবেন এবং বন্দর কর্তৃপক্ষ এ সমস্যা সমাধানের প্রচেষ্টা চালাবেন ।

৩) ভবিষ্যতে যাতে চট্টগ্রাম বন্দরের সাথে ইউরোপ ও সংযুক্ত আরব আমিরাতের সরাসরি জাহাজ চলাচল শুরু হয় সে বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রচেষ্টা চালিয়ে যাবেন।

৪) ব্যয় সাশ্রয়ে বাল্ক ক্যারিয়ারের মাধ্যমে পাট/পাটজাত পণ্য রপ্তানির বিষয়ে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) নৌপরিবহন মন্ত্রণালয় থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে শিপিং লাইন চালুকরণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬) বিজেএমএ সদস্য মিলসমূহ পাটজাত পণ্য রপ্তানিকালীণ কন্টেইনারাইজেশন ও জাহাজীকরণে কোনরুপ সমস্যার সম্মুখীন হলে এবং প্রতিকার না পেলে তা তথ্য ভিত্তিক নৌপরিবহন মন্ত্রণালয়কে অবহিত করবেন। বিজেএমএ বন্দর কর্তৃপক্ষ সমূহ-সহ সংশ্লিষ্টদের নিকট থেকে নিয়মিত তথ্যাদি আদান প্রদান করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম এর সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২২-০৮-২০২২
(মোঃ মোস্তফা কামাল)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

(অঃ পৃঃ দ্রঃ)

নং-১৮.০০.০০০০.০২৪.০০২.৯৯.২২- ৯০৪ তারিখ: ২৩-০৮-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান (সিনিয়র সচিব), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৬। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৭। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৮। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
১০। উপসচিব (আই.ও) অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা-১০০০।
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।
১৩। সভাপতি, বাংলাদেশ ওশান গোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
১৪। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
১৫। সভাপতি, কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, ১৫/৫ বিজয়নগর, আকরাম টাওয়ার, ঢাকা।
১৭। অতিরিক্ত সচিব (বন্দর/সংস্থা-১/২) এবং যুগ্মসচিব (জাহাজ/বন্দর) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৩/৮/২২

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬।